# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রযুক্তিগত বিবর্তনের সঙ্গে হিসাব পরীক্ষা ফলপ্রসুভাবে রূপায়ন করার ওপর গুরুত্ব আরোপ ।

২। আসাম চুক্তির ৬ নম্বর ধারা রূপায়ন করার জন্য অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা কমিটির পরামর্শবলী সম্পর্কে মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মার আগামীকাল সারা আসাম ছাত্র সংস্থার সঙ্গে আলোচনা ।

৩। কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের দুদিনের কার্যসূচী নিয়ে আগামী বৃহস্পতি ও শুক্রবার শিলচর ও করিমগঞ্জ জেলা সফর ।

এবং

৪। রাজ্যের ভূমি সংরক্ষণ , হস্ততাঁত ও বস্ত্রমন্ত্রী উর্খাও গৌরা ব্রহ্মের আজ শিলচরে জেলা আয়ুক্ত কার্যালয়ে বিভিন্ন বিভাগের আধিকারীকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক ।

-----------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু প্রযুক্তিগত বিবর্তনের সঙ্গে হিসাব পরীক্ষা ফলপ্রসূভাবে রূপায়ন করার ওপর গুরুত্ব আরোপ করেছেন । রাষ্ট্রপতি বলেন যে সরকারী খন্ডের হিসাব পরীক্ষণ পরম্পরাগত মাধ্যম থেকে সম্প্রসারণ করা হয়েছে । তিনি বলেন যে প্রযুক্তিচালিত বিশ্বে রাজস্ব সেবার বিভিন্ন মাধ্যম প্রযুক্তির সহায়তায় সমাধান করা হয় । নতুন দিল্লীতে আজ এশিয়ান অর্গানাইজেশন অফ সুপ্রিম অডিট ইনস্টিটিউশনের ১৬

তম সম্মেলনের উদ্বোধন করে রাষ্ট্রপতি একথা বলেন । চারদিন ব্যাপী অনুষ্ঠেয় এই সম্মেলনে ভাষণ প্রসঙ্গে শ্রীমতি মূর্মূ বলেন যে ভারতের নিয়ন্ত্রক ও হিসাবরক্ষক দেশের আর্থিক ব্যাবস্থা স্বচ্ছ ও দায়বদ্ধ হবার বিষয়টি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন । তিনি বলেন যে  নিয়ন্ত্রক ও হিসাবরক্ষক নীতিগত আচরণের কঠোর ধারা অনুসরণ করে অনুসন্ধানের শৃঙ্খলা যাতে কার্যকর হয় তা নিশ্চিত করেন । ভারতের নিয়ন্ত্রক ও হিসাবরক্ষক গিরিশ চন্দ্র মূর্মূ ২০২৪ সাল থেকে ২০২৭ সালের কার্যকালের জন্য এই সংস্থার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রে নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় কার্যকালের ১০০ দিন পূর্ণ  হওয়ার সঙ্গে সঙ্গতি রেখে বিকশিত ভারতের পথে অগ্রসর হবার একশ দিন উপলক্ষ্যে সরকার মহিলা নেতৃত্বাধীন উন্নয়নের লক্ষ্য গ্রহণ করেছে । এর অধীনে মহিলাদের দ্বারা ক্রয় করা সম্পত্তির জন্য স্টাম্প শুল্ক হ্রাস করতে রাজ্যগুলিকে উৎসাহিত করা হয়েছে । এছাড়া হোস্টেল এবং মহিলা নির্ধারিত দক্ষতা কার্যসূচীর মাধ্যমে মহিলাদের কর্মশক্তির অংশগ্রহণে উৎসাহ যোগানো হচ্ছে ।পর্যটন খন্ডে মহিলাদের জন্য কর্মসংস্থাপনের সুযোগ সৃষ্টি করতে পর্যটন দিদি ও পর্যটন মিত্র প্রকল্প গ্রহণ করা হয়েছে । গ্রামীণ জীবিকার সুবিধা বৃদ্ধি করতে জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের অধীনে ৯০ লক্ষেরও অধিক আত্মসহায়ক গোষ্ঠীতে ১০ কোটি মহিলাকে সংগঠিত করা হয়েছে ।একইভাবে নারী শক্তিকে উপকৃত করা প্রকল্পের জন্য এবছরের বাজেটে তিন লক্ষ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে । এপর্যন্ত ১১ লক্ষ নতুন লক্ষপতি দিদি প্রধানমন্ত্রী থেকে প্রমাণপত্র লাভ করেছেন । উল্লেখ্য প্রধানমন্ত্রী শ্রী মোদী মহিলাদের সবলীকরণে গুরুত্ব আরোপ করে বলেছেন যে শিক্ষা , উদ্যমিতা ,কৃষি ,প্রযুক্তি এবং অন্য পদক্ষেপের মাধ্যমে কেন্দ্রীয় সরকার মহিলাদের সবলীকরণের জন্য দায়বদ্ধ ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা আসাম চুক্তির ৬ নম্বর ধারা রূপায়ন সম্পর্কে অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা কমিটির পরামর্শবলী সম্পর্কে আগামীকাল সারা আসাম ছাত্রসংস্থার প্রতিনিধি দলের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন ।রাজ্য সরকার সংগঠনটির পরামর্শ গ্রহণ করার পর অন্যান্য সংগঠনের সঙ্গেও আলোচনা করবে ।উল্লেখ্য মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সম্প্রতি আসাম চুক্তির ৬ নম্বর ধারা রূপায়ন সম্পর্কে গঠিত কমিটির পরামর্শগুলি রূপায়নএর ক্ষেত্রে  বরাক উপত্যাকার তিন জেলা এবং স্বশাসিত জেলাগুলো ছাড়া অন্য জেলা বিশেষ করে লোয়ার আসামে এই পরামর্শ রূপায়নে কোন সমস্যা হবেনা বলে মন্তব্য করেছিলেন ।অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা

কমিটির৬৭ টি পরামর্শের মধ্যে রাজ্য সরকার ৫২ টি পরামর্শ কার্যকর করবে বলে মুখ্যমন্ত্রী জানান ।বাকী পরামর্শগুলি রূপায়ন করতে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের প্রয়োজন রয়েছে বলেও তিনি জানান ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আগামী বৃহস্পতিবার দুদিনের কাছাড় ও করিমগঞ্জ জেলা সফরে আসছেন ।মন্ত্রী শ্রী সনোয়াল আগামী বৃহস্পতিবার বেলা ১ টা ৪৫ মিনিটে কুম্ভিরগ্রাম বিমানবন্দরে পৌঁছে বিকেল তিনটেয় তিনি আসাম বিশ্ববিদ্যালয়ে যাবেন । সেখানে বিকেল সাড়ে তিনটেয় তিনি বিশ্ববিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন ।শ্রী সনোয়াল বিশ্ববিদ্যালয়ের অতিথিশালায় রাত্রী যাপন করবেন ।পরদিন সকাল সাড়ে ১০ টায় তিনি করিমগঞ্জের উদ্দেশ্যে রওয়ানা হবেন ।এবং সেখানে নির্ধারিত কর্মসূচীতে অংশগ্রহণ করে ঐদিনই তাঁর ফিরে যাওয়ার কথা রয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে প্রধানমন্ত্রী সূর্যঘর প্রকল্পের অধীনে এপর্যন্ত এক হাজার ১০০ টি ঘরের ছাদে সৌর বিদ্যুত উৎপাদনের প্রণালী স্থাপন করা হয়েছে এবং এর মাধ্যমে তিন হাজার ৭২৩ কিলোওয়াট উৎপাদন ক্ষমতার সংযোজন হয়েছে ।মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়ে আসাম শক্তি বিতরণ কোম্পানী লিমিটেড এবং এই প্রকল্পের রূপায়ন প্রক্রিয়ার সঙ্গে জড়িত সকলকে এই সাফল্যের জন্য অভিনন্দন জানান ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের ভূমি সংরক্ষণ , হস্ত তাঁত ও বস্ত্রমন্ত্রী উর্খাও গৌরা ব্রহ্ম আজ শিলচরে জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে বিভিন্ন বিভাগের প্রবীণ আধিকারীকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন ।সভায় মন্ত্রী শ্রী ব্রহ্ম জরুরী বিষয়গুলোকে  অগ্রাধিকার দিতে  প্রতিটি বিভাগের প্রতি আহ্বান জানান । তিনি স্থানীয় তাঁতীদের তৈরী সামগ্রীগুলোর বিক্রয়ের জন্য বাজার ব্যবস্থা উন্নত করতে আধিকারীকদের নির্দেশ দেন ।তিনি দলৈছড়া রেশম চাষের খামার দখল করার বিষয়টি উল্লেখ করে এই বিষয়ে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে জেলা আয়ুক্তকে নির্দেশ দেন ।মন্ত্রী শ্রী ব্রহ্ম শিলচর বালাছড়া সড়কের পাশে গাছপালা সংরক্ষণ করতে আধিকারীকদের নির্দেশ দেন ।সভায় জেলা যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক স্বাস্থ্য বিভাগের গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের বিষয়ে মন্ত্রীকে অবগত করান ।সভায় সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতাল এবং এম জি মডেল হাসপাতালে কর্মী সংখ্যা পর্যাপ্ত না থাকার বিষয়টি তুলে ধরা হয় ।মন্ত্রী শ্রী ব্রহ্ম এই

বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হবে বলে জানান ।সভায় জেলা কৃষি আধিকারীক জানান যে কাছাড় জেলায় ৫৯ হাজার ৫০০ ’র বেশী কৃষক পি এম কিষাণ প্রকল্পের ১৭ তম কিস্তি লাভ করেছেন ।কৃষি বিভাগে কর্মচারীর সংখ্যা কম থাকার বিষয়টিও সভায় তুলে ধরা হয় । কাছাড় জেলার উন্নয়নের জন্য রাজ্য সরকার বিভিন্ন বিভাগের প্রত্যাহ্বানগুলো দ্রুত সমাধান করার ব্যবস্থা গ্রহণ করবে বলে মন্ত্রী শ্রী ব্রহ্ম সব বিভাগগুলোকে আশ্বাস দেন ।

---------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার নবনিযুক্ত আয়ুক্ত আজ জেলার সকল সাংবাদিকদের সঙ্গে এক সৌজন্যমূলক সভায় মিলিত হন । সভায় তিনি শান্তি শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে জেলায় সবধরণের পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানান । সেইসঙ্গে সরকারি সব কাজকর্ম নির্দিষ্ট গতিতে চলবে বলেও জেলা আয়ুক্ত জানান । এছাড়া রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পগুলি প্রকৃত হিতাধিকারীদের সমঝে দেওয়া হবে বলে উল্লেখ করে তিনি আসন্ন দূর্গাপূজার সময়ে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে জেলাবাসীর প্রতি আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রীর আত্ম-নির্ভর অসম অভিযানের তিন দিবসীয় বিশেষ প্রশিক্ষন শিবির আজ থেকে হাইলাকান্দি জেলায় শুরু হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম আজ শ্রী কিষান সারদা কলেজে এই প্রশক্ষিন কর্মশালার উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রী হিভারে জানান যে মূখ্যমন্ত্রীর আত্ম নির্ভর অসম অভিযানের মূল উদ্দেশ্য হচ্ছে অসমের যুব শক্তিকে আত্ম-নির্ভর এবং উদ্যোগী করে তুলতে উৎসাহিত করা । অনুষ্ঠানে এস এস কলেজের অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর , জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের জেনারেল ম্যানেজার ডিম্পল শইকিয়া প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন দূর্গোৎসব সুন্দর ও সুষ্টভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিভিন্ন পূজা কমিটির সঙ্গে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় উৎসব উদযাপনের ক্ষেত্রে বিভিন্ন বিধি নিষেধ, প্রয়োজনীয় ব্যবস্থা যথাযথভাবে মেনে চলতে পূজা কমিটিগুলির কাছে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক এক বিজ্ঞপ্তীতে জেলায় সদ্য নিয়োগ প্রাপ্ত শিক্ষকদের মেডিকলে ফিটনেস সার্টিফিকেট প্রদান করার এস ও পি জারী করেছেন ।

বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আগামী বৃহস্পতিবার থেকে প্রতিদিন সকাল সাড়ে দশটা থেকে এস ও পি অনুসারে  শিক্ষকদের মেডিকেল ফিটনেস সার্টিফিকেট  প্রদান করা হবে । এতে সদ্য নিয়োগ প্রাপ্ত শিক্ষকদের প্রয়োজনীয় নথিপত্র নিয়ে জি এন এম ট্রেনিং স্কুলে উপস্থিত থাকতে বলা হয়েছে । মেডিকেল বোর্ড প্রতিদিন একশ জন প্রার্থীকে মেডিকেল সার্টিফিকেট প্রদান করবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

গ্রাম পঞ্চায়েতের সীমানা নির্ধারনের খসড়ার বিভিন্ন ত্রুটি উত্থাপন করে রাইজ-র দলের হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে আজ হাইলাকান্দি জেলা পরিষদ কার্য্যলয়ের সামনে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । রাইজ-র দলের পক্ষ থেকে সীমা নির্ধারনের ক্ষেত্রে প্রকৃত এস ও পি মেনে গ্রাম পঞ্চায়েতের সীমা নির্ধারন করার দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় অক্টোবর মাসের বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে অক্টোবর মাসের অন্তোদয় অন্ন যোজনার কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডের জন্য মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বন্টন করা হবে । ই-পস ডিভাইসের মাধ্যমে অন্ন সেবা দিনগুলিতে চাল বন্টন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

পানীভরা ক্লেভারহাউস নক আউট ফুটবল প্রতিযোগীতা আগামী বৃহস্পতিবার থেকে ৬৪৮ নম্বর পানিভরা প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠে শুরু হবে ।  ওইদিন বিকেল সাড়ে তিনটায় এই প্রতিযোগীতায় শুরু হবে বলে আয়োজক কমিটির সভাপতি নাগেশ্বর কেওট জানিয়েছেন । প্রতিযোগীতার উদ্বোধনী ম্যাচে ভুবনডহর টি ইস্টেট /// কাশীপুর নাইন স্টার ক্লাবের বিরুদ্ধে খেলবে।

---------------------------------------------------------------------------------------